



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

**Answer :Work Sheet - 15**

**Class: 4**



**Subject: Bengali Grammar (পদ)**

**Date: 24/4/2020**

- ১। যে পদের দ্বারা কোনো কিছু করা, হওয়া বা থাকা বোঝায়, তাকে ক্রিয়া পদ বলে ।
- ২। যে ক্রিয়াপদের দ্বারা বাক্য বা কোন কাজ অসমাপ্ত বোঝায়, তাকে অসমাপিকা ক্রিয়া বলে ।
- ৩। নামপদ চার প্রকার – বিশেষ্য, বিশেষণ, সর্বনাম ও অব্যয় পদ ।
- ৪। শূন্যস্থানে ক্রিয়াপদ বসাও :-
  - ক) অয়ন প্রতিদিন বিদ্যালয়ে যায় ।
  - খ) জেলেরা মাছ ধরে ।
  - গ) মা রান্না করেন ।
  - ঘ) আমরা ফুটবল খেলি ।
  - ঙ) দাদু ভালো গল্প বলেন ।
- ৫। অব্যয় পদের তলায় দাগ দাও:-
  - ক) ছিঃ! ছিঃ! তুমি এই কাজ করেছ ।
  - খ) কথাটা তুমি বলেছিলে কিন্তু আমি ভুলে গেছি ।
  - গ) বাঃ! কী সুন্দর হাতের লেখা ।
  - ঘ) উঃ! কী কষ্ট ।
  - ঙ) তিনি আমাকে একটি গল্পের বই আর কলম দিলেন ।

৬। ঠিক বা ভুল লেখ :-

ক) পদ হল বাক্যে ব্যবহৃত শব্দ । (ঠিক)

খ) যে পদ অন্য পদের বৈশিষ্ট্য বোঝায় তাকে বিশেষণ পদ বলে । (ঠিক)

গ) অসমাপিকা ক্রিয়াপদে বাক্য সম্পূর্ণ হয় । (ভুল)

ঘ) কোন নামবাচক পদ হল বিশেষ্য পদ । (ঠিক)

৭। বাক্যরচনা কর :- (ক্রিয়াপদ)

ক) করি = প্রতিদিন আমি স্নান করি ।

খ) যাওয়া = এবার আর ঘুরতে যাওয়া হবে না ।

গ) আছে = আমার একটি পোষা বিড়াল আছে ।

Manashi Chaudhuri.